

## ৬ষ্ঠ অধ্যায়

### ডটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম

#### মডেল-০৮

১. ► নোয়াখালী সরকারি কলেজের অধ্যক্ষ তাঁর কলেজের শিক্ষার্থীদের জন্য একটি ডেটাবেজ তৈরি করতে চান যার সাহায্যে কলেজের সকল শিক্ষার্থীর বিভিন্ন তথ্য সংরক্ষিত থাকবে। এ ডেটাবেস ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নের ফলে সকল শিক্ষার্থীর ফলাফল, ক্লাসে উপস্থিতির তথ্যাদি অভিভাবককে সময়মতে জানানো যাবে। ফলাফল বিশ্লেষণ করে শিক্ষার্থীদের উন্নয়ন পর্যবেক্ষণ করা যাবে।

ক. ডেটাবেজ কী?

১

খ. ডেটাবেস ম্যানেজমেন্ট সিস্টেমের ৪টি প্রধান কাজ লেখ।

২

গ. শিক্ষার্থীদের ডেটা সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ডেটা টাইপগুলোর নাম লেখ।

৩

ঘ. শিক্ষার্থীদের তথ্য সংরক্ষণের উপযোগী একটি সহজ রিলেশনাল ডেটাবেজ তৈরি কর।

৪

২. ► মি. ইলিয়াস একটি কোম্পানির জেনারেল ম্যানেজার। তিনি কয়েকজন কর্মকর্তার সাথে আলোচনা করে তাদের বেতন পুনঃনির্ধারণ করার জন্য নির্বাহী পরিচালকের কাছে একটি প্রস্তাব উপস্থাপন করলেন। নির্বাহী পরিচালক বিষয়টি বিবেচনার আশ্বাস দেন এবং এমপ্লায়িদের ব্যক্তিগত ও দৈনন্দিন কাজের রিপোর্ট সংক্রান্ত তথ্যগুলো চাইলেন। ইলিয়াস সাহেব অতঃপর কর্মীদের ব্যক্তিগত তথ্য ও ওয়ার্কিং রিপোর্টের ফাইল দুটো ডেটাবেজ প্রোগ্রামের সাহায্যে একটি সম্পর্কযুক্ত ফাইলে পরিণত করে নির্বাহী পরিচালকের নিকট প্রদান করলেন।

ক. ডেটাবেজ ফাইল কী?

১

খ. কুয়েরি কত প্রকার আলোচনা কর।

২

গ. কিভাবে এমপ্লায়িদের ব্যক্তিগত তথ্য ও ওয়ার্কিং রিপোর্টের ফাইল দুটোর মধ্যে ডেটাবেজ সফটওয়্যার ব্যবহার করে সম্পর্ক তৈরি করা যায়-বর্ণনা কর।

৩

ঘ. “সম্পর্কযুক্ত ফাইলটির কারণে নির্বাহী পরিচালক সহজেই যোগ্যতা অনুসারে এমপ্লায়িদের বেতন বৃদ্ধির বিষয়টি মূল্যায়ন করতে পারবেন”-বিশ্লেষণ করে বুঝিয়ে দাও।

৪